

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৪.২২.৫৭৪

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: সোহরাব আলী (ইনডেক্স নং-R৩৯১১১০) এর প্রার্থিত পদবী ও বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) DEO, বগুড়া এর স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২১/২৪৭; তারিখ: ২২.০২.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.২৩০.২১-৫৯; তারিখ: ২০.১২.২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: সোহরাব আলী (ইনডেক্স নং-R৩৯১১১০) এর এমপিও শীটে পদবী সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, বগুড়া কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মো: সোহরাব আলী এর পদবী ও বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী AP ও বিষয় POLITICAL SCIENCE উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৬ উল্লেখ আছে যা সহকারী অধ্যাপক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী AP ও বিষয় POLITICAL SCIENCE মর্মে জনাব মো: আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)-মাশিঅ ও জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে পদবী-AP ও বিষয়- POLITICAL SCIENCE সংযোজনের জন্য আবেদন করেছেন এবং বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী-AP ও বিষয়-POLITICAL SCIENCE সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: সোহরাব আলী (ইনডেক্স নং- R৩৯১১১০) এর এমপিও শীটে পদবী-AP ও বিষয়-POLITICAL SCIENCE সংযোজন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: সোহরাব আলী (ইনডেক্স নং- R৩৯১১১০) এর তথ্য এবং প্রার্থিত পদবী ও বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়	প্রার্থিত বিষয়	মন্তব্য
০১	জনাব মো: সোহরাব আলী, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), (ইনডেক্স নং- R৩৯১১১০) উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসা, শেরপুর, বগুড়া	০১/০২/১৯৯৭খ্রি.	পদবী ও বিষয়- উল্লেখ নেই	পদবী -AP ও বিষয়- POLITICAL SCIENCE	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়- উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থিত পদবী- AP ও বিষয়- POLITICAL SCIENCE সংযোজন যোগ্য।

০৪। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার বগুড়া এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: সোহরাব আলী (ইনডেক্স নং-R৩৯১১১০) এর পদবী-AP ও বিষয়- POLITICAL SCIENCE সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১০ ফর্দ।



১৭-২-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,

মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৪.২২.৫৭৪/১(৭)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), বগুড়া।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া।
- ৫) সভাপতি/অধ্যক্ষ, উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসা, শেরপুর, বগুড়া।
- ৬) জনাব মো: সোহরাব আলী, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), (ইনডেক্স নং- R৩৯১১১০) উলিপুর আমেরিয়া সমতুল্যা মহিলা ফাজিল মাদ্রাসা, শেরপুর, বগুড়া।
- ৭) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



১৭-২-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)